গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মার্চ/২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৫-০৪-২০২২
সভার সময়	সকাল-১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২৩-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গত সভার সিদ্ধান্তসমুহ বাস্তবায়ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অতঃপর এ ২০২১-২২ অর্থ বছরের পিএর প্রতিটি কর্মসম্পাদন সূচক এর বাস্তবায়ন অগ্রগতি পরযায়ক্রমে আলোচনা করা হয়। অধিকাংশ কার্যক্রম লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। কম অগ্রগতি সম্পন্ন কর্মসম্পাদন সূচকসমূহ বিস্তারিতভাবে নিম্নরূপে আলোচনা করা হয়।

২.২ এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) ও এপিএ ফোকাল পয়েন্ট জানান যে, ইআরএল ইউনিট-২ স্থাপন প্রকল্পের ডিপিপি বিপিসি হতে পাওয়া গিয়েছে। সংশোধিত ডিপিপি'র উপর গত ১৮-০৪-২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। সূচকটি যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে সভাপতি বিশেষ নজর দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। পেট্রোবাংলার এপিএ ফোকাল পয়েন্ট সভায় জানান যে, বেসরকারি বিনিয়োগে স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডির রিপোর্ট ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল জানান যে, বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সম্প্রসারণ পাইপলাইনের আওতায় এ পর্যন্ত ১২৫ কি.মি. পাইপলাইনের ওয়েল্ডিং সম্পন্ন হয়েছে এবং আজকে পর্যন্ত ৪৫ কি.মি. লোয়ারিং সম্পন্ন হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরো উল্লেখ করেন গত সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলার সমন্বয়ে এ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। শীঘ্রই কার্যক্রমটি সরেজমিনে পরিদর্শনের জন্য একটি ট্যুর প্রোগ্রাম তৈরির জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অধীনে এ বিভাগের বিভিন্ন কার্ক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৮টি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। উক্ত ৮টি মনিটরিং সংক্রান্ত সূচকের বিপরীতে ১৪ নম্বর বরাদ্দ রয়েছে। মার্চ/২২ পর্যন্ত মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং কমিটির জানুয়ারি/২২, মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং কমিটির ফেব্রুয়ারি/২২, মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটির মার্চ/২২, মাসিক ভিত্তিতে পেট্রোলিয়াম পণ্য বিপণন কাজ মনিটরিং কমিটির জুলাই/২১, ডিসেম্বর/২১ ও জানুয়ারি/২২ এবং মাসিক ভিত্তিতে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কাজ মনিটরিং জুলাই/২১ ও ডিসেম্বর/২১ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি। সভাপতি যথাশীঘ্র সম্ভব এসব মনিটরিং রিপোর্টসমূহ দাখিল করার জন্য নির্শনা প্রদান করেন। এ বিষয়ে প্রত্যেক টিমকে পত্র দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৩। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধানের আওতায় ইতোমধ্যে ১টি অনুসন্ধান কূপ খনন করা হয়েছে। ফলে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হয়েছে। সভাপতি এ বিষয়ে একটি রিপোর্ট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। পেট্রোবাংলার প্রতিনিধি আরো জানান যে, মার্চ/২২ পর্যন্ত বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগের আবেদন কেজিডিসিএল ও জেজিটিডিএসএল নির্ধারিত সময়ে নিষ্পত্তি করেছে। সেভাপতির প্রশ্নের জবাবে উপসচিব (প্রশাসন-২) জানান যে, এলএনজি খাতে ভর্তুকি নীতিমালার খসড়া নির্ধারিত সময়ে অর্থাৎ গত ২৭-০৩-২০২২ তারিখে মধ্যে প্রণয়ন করা হয়েছে। সভাপতি এ সূচকটির প্রমাণক সংগ্রহ ও সংরক্ষণ করার আহ্বান জানান।

২.৪। অতঃপর সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তথ্য অধিকার এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-৩) জানান যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত [১.৫] নং কর্মসম্পাদন সূচকের (১) নথি বিনষ্টকরণ, (২) স্বাস্থ্যবিধি অনুসরণে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান ও (৩) অকেজো মালামাল বিনষ্টকরণের বিষয়ে প্রশাসন-১ অধিশাখা বরাবর ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে। সভাপতি এ তিনটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরী সভা করার নির্দেশনা প্রদান করেন। উপসচিব (প্রশাসন-৩) আরো জানান যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনার [১.৬] নং কর্মসম্পাদন সূচকের প্রণীত কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন ১ম ও ২য় কোয়ার্টারে নির্ধারিত সময়ের কিছু পরে প্রেরণ করা হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট প্রদান করা অবশ্য কর্তব্য ছিল। তবে যেহেতু একই মাসে কিছুটা বিলম্বে দাখিল করা হয়েছে সেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের নিকট নম্বর দাবি করা যেতে পারে। তবে ভবিষ্যতে যাতে এ ধরনের বিলম্ব না হয় আবশ্যিকভাবে সেদিকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, মার্চ/২২ পর্যন্ত শিল্প প্রতিষ্ঠানে ইভিসিযুক্ত মিটার ৭০০টির বিপরীতে ৩৮৪টি স্থাপন করা হয়েছে। আগামী জুন/২২ এর মধ্যে অবশিষ্ট ইভিসিযুক্ত মিটার স্থাপন করা সম্ভব হবে মর্মে তিনি অবহিত করেন। সভাপতি এ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার জন্য বরাদ্দকৃত অর্থ ৮০% এর বিপরীতে মার্চ/২২ পর্যন্ত ৩০% ব্যয় করা হয়েছে। সভাপতি এ কার্যক্রমটি লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মার্চ/২০২২ পর্যন্ত বর্ণিত ৫টি কর্মপরিকল্পনা পর্যালোচনায় অন্যান্য পিছিয়ে থাকা সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ নজর দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	ইআরএল ইউনিট-২ স্থাপন প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ
৩.২	সুষম উন্নয়নের জন্য এ পর্যন্ত সম্প্রসারিত গ্যাস সঞ্চালন পাইপলাইন সরেজমিনে পরিদর্শনের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি ট্যুর প্রোগ্রাম তৈরি করতে হবে।	এপিএ টিম/পেট্রোবাংলা/ জিটিসিএল
৩.৩	মার্চ/২২ পর্যন্ত যে সকল মনিটরিং কমিটির রিপোর্ট পাওয়া যায়নি সে সকল রিপোর্ট দাখিলের জন্য সংশ্লিষ্ট কমিটিকে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদপত্র দিতে হবে।	সংশ্লিষ্ট মনিটরিং কমিটি
৩.৪	জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধানের আওতায় ইতোমধ্যে খননকৃত ১টি অনুসন্ধান কূপের রিপোর্ট দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/জিটিসিএল
৩.৫	শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত [১.৫] নং কর্মসম্পাদন সূচকের (১) নথি বিনষ্টকরণ, (২) স্বাস্থ্যবিধি অনুসরণে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান ও (৩) অকেজো মালামাল বিনষ্টকরণের বিষয়ে জরুরী সভা আহ্বান করে দ্রুত কার্যক্রম সম্পাদন করতে হবে।	প্রশাসন-১/প্রশাসন-৩/ বাজেট অধিশাখা
৩.৬	শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত [৩.২] নং কর্মসম্পাদন সূচকের শিল্প প্রতিষ্ঠানে ইভিসিযুক্ত মিটার স্থাপন লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন পিছিয়ে আছে। সার্বিক অগ্রগতি অর্দ্ধুজনের জন্য দ্রত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পেট্রোবাংলা/ ডিস্ট্রিবিউশন কোম্পানী

৩.৭	ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত [২.২.২] নং কর্মসম্পাদন সূচকের নির্ধারিত বরাদ্দকৃত অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	বাজেট অধিশাখা/ ফোকাল পয়েন্ট/ আইসিটি শাখা
৩.৮	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫টি কর্মপরিকল্পনার পিছিয়ে থাকা সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ নজর দিতে হবে।	এপিএ টিম/উপসচিব, প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশাসন-৩/ বাজেট অধিশাখা ও আইসিটি শাখা এবং দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২১.২০৫

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৯
০২ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৬) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব